3

দৈনিক জনকণ্ঠ

তারিখ 18 MAY 1995
পৃষ্ঠা ৬ কলাম ২

## উত্তরাঞ্চলের ১৬ জেলা

# দশ লাখ শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত

কুড়িগ্রাম, ১৭ মে (নিজস্ব সংবাদদাতা) ।– অভিভাবকদের অসচেতনতার অভাব, দরিদ্রতা, সরকারী সহযোগিতার অভাব, সংশ্লিষ্ট শিক্ষা অফিসগুলোর বিভিন্ন ধরনের অনিয়ম ও প্রাথমিক বিদ্যালয়গুলোর শিক্ষকদের উদাসীনতা এবং গাফিলতির কারণে কুড়িগ্রামসহ উত্তরাঞ্চলের ১৬টি জেলায় প্রায় ১০ লাখ শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে।

এক পরিসংখ্যানে জানা গেছে, উত্তরাঞ্চলের ১৬টি জেলায় ১৯৯৪ সালে ৬ থেকে ১০ বছর বয়সের অর্থাৎ প্রাথমিক বিদ্যালয়ে পড়ার উপযোগী শিশুর সংখ্যা ছিল ৫৬ লাখ ১১ হাজার ২শ' জন, অথচ বিদ্যালয়ে ভর্তি হয়েছে ৪৮ লাখ ৬৪ হাজার ৪শ' জন। বাকিরা বিদ্যালয়ে ভর্তি হয়নি।

জেলাওয়ারী হিসাবে গত বছর কুড়িগ্রাম জেলায় ৩ লাখ ৭২ হাজার শিশু ভর্তি উপযোগী, ভর্তি হয়েছে ২ লাখ ৭৮ হাজার ১শ' জন। রংপুর জেলায় ৪ লাখ ৭১ হাজার ৭শ' জন ভর্তি উপযোগী। ৪ লাখ ২৪ হাজার ৫শ' জন ভর্তি হয়েছে।

ভর্তি হয়নি ৫৭ হাজার ২শ'। গাইবান্ধায় ভর্তি উপযোগী ৪ লাখ ৩৭ হাজার ৫শ' জন। ভর্তি হয়েছে ৩ লাখ ৬৭ হাজার ৫শ'। ভর্তি হয়নি ৬৯ হাজার ৯শ'।

নীলফামারী জেলায় ভর্তি উপযোগী ২ লাখ ৮৯ হাজার ৯শ'। ভর্তি হয়েছে ২ লাখ ৫৪ হাজার ২শ'। ভর্তি হয়নি ৩৫ হাজার ৭শ'। লালমনিরহাটে ভর্তি উপযোগী ২ লাখ ৫৪ হাজার। ভর্তি হয়েছে ১ লাখ ৭৮ হাজার ৫শ'। ভর্তি হয়নি ২৫ হাজার ৫শ' জন।

দিনাজপুর জেলায় ৪ লাখ ৬২ হাজার ৮শ' জন ভর্তি উপযোগী, ভর্তি হয়েছে ৪ লাখ ১৫ হাজার ২শ' জন। ভর্তি হয়নি ৪৭ হাজার ৬শ'। ঠাকুরগাঁও জেলায় ২ লাখ ২৪ হাজার ৭শ' ভর্তি উপযোগী। ভর্তি হয়েছে ১ লাখ ৯৭ হাজার ৭শ'। ভর্তি হয়নি ২৭ হাজার ১শ'। পঞ্চগড় জেলায় ভর্তি উপযোগী ১ লাখ ৫৯ হাজার ৭শ'। ভর্তি হয়েছে ১ লাখ ৪৩ হাজার ৭শ'। ১৬ হাজার ভর্তি হয়নি।

রাজশাহী জেলায় ভর্তি উপযোগী ৪ লাখ ৯৮ হাজার, ভর্তি হয়েছে ৩ লাখ ৭২ হাজার ৮শ'। ভর্তি হয়নি ৩৬ হাজার ৯শ'। নাটোর জেলায় ভর্তি উপযোগী ২ লাখ ৭৬ হাজার ৯শ'। ভর্তি হয়েছে ২ লাখ ৩৬ হাজার ১শ', ভর্তি হয়নি ৪০ হাজার। চাঁপাইনবাবগঞ্জে ভর্তি উপযোগী ২ লাখ ৩৫ হাজার ২শ'। ভর্তি হয়েছে ২ লাখ ৩৯ হাজার, ভর্তি হয়নি ৩১ হাজার ৩শ'।

বগুড়া জেলায় ভর্তি উপযোগী ৫ লাখ ২২ হাজার, ভর্তি হয়েছে ৪ লাখ ৩৫ হাজার। ৮৭ হাজার ভর্তি হতে পারেনি। জয়পুরহাট জেলায় ১ লাখ ৩১ হাজার ভর্তি উপযোগী, ভর্তি হয়েছে ১ লাখ ২৪ হাজার ৪শ'। ভর্তি হয়নি ৬ হাজার ৬শ' জন। নওগাঁ জেলায় ভর্তি উপযোগী ৪ লাখ ১৩ হাজার। বিদ্যালয়ে গমন করছে ৩ লাখ ৬৭ হাজার ৩শ' জন। ভর্তি হয়নি ৪৫ হাজার ৪শ' জন।

পাবনা জেলায় ভর্তি উপযোগী ৪ লাখ ৪৩ হাজার ৪শ' জন। ভর্তি হয়েছে ৩ লাখ ৯১ হাজার ১শ' জন, ৫২ হাজার স্কুলে ভর্তি হয়নি। সিরাজগঞ্জে ভর্তি উপযোগী ৫ লাখ ৪৬ হাজার ৯শ' জন। ভর্তি হয়েছে ৪ লাখ ৮২ হাজার ৬শ' জন। ভর্তি হয়নি ৬৪ হাজার ৬শ' জন।

সংশ্লিষ্ট সূত্র মতে, বিভিন্ন সরকারী-বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের মাসিক প্রতিবেদনে ব্যাপক ব্যবধান রয়েছে। কাগজ-কলমে এ সকল বিদ্যালয়ে শিক্ষার্থীদের গড় হাজিরা শতকরা ৮০ ভাগ দেখানো হলেও বাস্তবে এর কোন হদিস নেই।